সমকাল

তারিখ 17 JAN 2016
পৃঃ ৭ কলাম ৬

# মানিকগঞ্জে শিক্ষককে মারধরের মামলায় গ্রেফতার হয়নি কেউ

■ মানিকগঞ্জ প্রতিনিধি

মানিকগঞ্জ খানবাহাদুর আওলাদ হোসেন খান উচ্চ বিদ্যালয়ের শিক্ষককে মারধরের ঘটনায় পুলিশ তিন দিনেও অভিযুক্তদের গ্রেফতার করতে পারেনি।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল মজিদ মোল্লা জানান, পূর্ব দাশড়া এলাকার চণ্ডী দাস পাটনির ছেলে উত্তম দাস পাটনি গত বৃহস্পতিবার বিদ্যালয়ে এসে বহিরাগত একজন ছাত্রকে বিদ্যালয়ে ভর্তির সুপারিশ করে। বিদ্যালয়ের আসন খালি না থাকায় ওই ছাত্রকে ভর্তি করা যাবে না বললে সে দেখে নেওয়া হবে বলে শিক্ষকদের হুমকি দিয়ে চলে যায়। পরে সেদিন বিকেলে বিদ্যালয়ের শিক্ষক কামাল হোসেন বিদ্যালয়ের বাইরে যাওয়া মাত্র উত্তম দাস পাটনির নেতৃত্বে কয়েকজন বহিরাগত ওই শিক্ষকের ওপর হামলা করে। এতে ওই শিক্ষক গুরুতর আহত হন। পরে তাকে উদ্ধার করে মানিকগঞ্জ সদর হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে তিনি একটি ক্লিনিকে চিকিৎসাধীন রয়েছেন। এ ঘটনায় সেদিন রাতেই থানায় মামলা করা হয়। মামলা দায়েরের তিন দিনেও কেউ গ্রেফতার হয়নি।